

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৭.২৪.১১১৭

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৩ জুন ২০২৬

বিষয় : ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র : স্মারক নং-৪৬.১০.১০০৬.০০২.১৪.০৮১.২৫-৫৫, তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বরিশাল জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থবছরে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৭৪.৫০ (চুয়াত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৯ (উনত্রিশ)টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং ৭ ও ২২-এ উল্লিখিত ০২টি প্রকল্প (প্রাক্কলিত ব্যয়: ৬.৫০ লক্ষ টাকা) পরিবর্তনপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উপর্যুক্ত দুইটি প্রকল্প ব্যতিরেকে অবশিষ্ট (২৯-২)=২৭টি প্রকল্প (৭৪.৫০-৬.৫০)=৬৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত নিম্নোক্ত শর্তে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

- প্রকল্প তালিকার ক্রমিক ১৮ ও ২৯-এ উল্লিখিত প্রকল্প ০২টি দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করতে হবে;
- পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
- সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
- গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
- গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
- প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে আবশ্যিকভাবে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮

Email : lgzp@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- প্রশাসক, জেলা পরিষদ, বরিশাল; এবং
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বরিশাল।

স্মারক নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৪.০৮৭.২৪.১১১৭/১(৬)

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৩ জুন ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
- সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।]

খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব